দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 AUG 1994 ...
পৃষ্ঠা ১ কলাম ৪

52

# ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল ঃ পাসের হার ৭৮·৩৬

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বোর্ডের ১৯৯৪ সালের এসএসসি পরীক্ষার ফল গতকাল (বৃহস্পতিবার) প্রকাশিত হইয়াছে। মোট ২ লক্ষ ১৯ হাজার ৮৭২ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নেয়। তন্মধ্যে ১ লক্ষ ৭২ হাজার ২৯৩ জন পাস করিয়াছে। পাসের হার ৭৮ দশমিক ৩৬। মোট উত্তীর্ণ পরীক্ষার্থীর মধ্যে ৯১ হাজার ২১৮ জন প্রথম বিভাগে; ৭৮ হাজার ৭৮৪ জন দ্বিতীয় বিভাগে এবং ২ হাজার ২৯১ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছে। সাধারণ বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় ৯১১ নম্বর পাইয়া প্রথম স্থান অর্জন করিয়াছে ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি হাই স্কুলের ছাত্র তানভির আহমেদ। ৮৬৬ নম্বর পাইয়া সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম স্থান অর্জন করিয়াছে ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী সৈয়দা সাইদা হাসান। এবারের এসএসসিতে পুরুষ পরীক্ষার্থী ছিল ১ লক্ষ ৩২ হাজার ১ শত জন। পুরুষ পরীক্ষার্থীদের মধ্যে ৫৭ হাজার ৩৬০ জন প্রথম বিভাগে, ৪৬ হাজার ৭৩৭ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ২৭১ জন তৃতীয় বিভাগে পাস করে। পুরুষ পরীক্ষার্থীদের পাসের শতকরা হার ৭৯ দশমিক ৭৬। মহিলা পরীক্ষার্থী ছিল ৮৭ হাজার ৭৭২ জন। তাহাদের মধ্যে ৩৩ হাজার ৮৫৮ জন প্রথম বিভাগে, ৩২ হাজার ৪৭ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ২০ জন তৃতীয় বিভাগে পাস করে। মহিলা পরীক্ষার্থীদের পাসের শতকরা হার ৭৬ দশমিক ২৫। সাধারণ বিজ্ঞান বিভাগে মোট পরীক্ষার্থী ছিল ৭০ হাজার ৭৮৭ জন। তন্মধ্যে ৪৯ হাজার ৮১ জন প্রথম বিভাগে, ১৪ হাজার ৬৬৬ জন দ্বিতীয় বিভাগে এবং মাত্র ১১৩ জন তৃতীয় বিভাগে পাস করে। সাধারণ বিজ্ঞান বিভাগে পাসের শতকরা হার ৯০ দশমিক ২১। সমাজ বিজ্ঞান বিভাগে মোট পরীক্ষার্থী ছিল ১ লক্ষ ৪৯ হাজার ৮৫ জন। তন্মধ্যে ৪২ হাজার ১৩৭ জন প্রথম বিভাগে, ৬৪ হাজার ১১৮ জন দ্বিতীয় বিভাগে এবং ২ হাজার ১৭৮ জন তৃতীয় বিভাগে পাস করে। সমাজ বিজ্ঞান বিভাগে পাসের শতকরা হার ৭২ দশমিক ৭৩। এবার সমাজ বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় প্রথম হইতে চতুর্থ স্থানসহ অধিকাংশ স্থান লাভ করিয়াছে ছাত্রীরা। যুগ্মভাবে অর্জিত স্থানসহ মোট ৪১ জন ছাত্র-ছাত্রী সমাজ বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় স্থান পায়। এই ৪১ জনের মধ্যে ২৩ জনই ছাত্রী। এবার বোর্ড অফিসে এসএসসি'র ফল টাঙ্গান হইবে না। সকল ফল সংশ্লিষ্ট পরীক্ষা-কেন্দ্রগুলিতে পাঠাইয়া দেওয়া হইবে। ছাত্র-ছাত্রীদের কেন্দ্র হইতে ফল সংগ্রহ করিতে হইবে।